



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
আইসিটি শাখা



"শেখ হাসিনার বারতা
নারী পুরুষ সমতা"

ই গভর্ন্যান্স ও উদ্ভাবন সংক্রান্ত কর্মপরিকল্পনা ২০২১-২০২২ বাস্তবায়ন অগ্রগতি সভার কার্যবিবরণী।

সভাপতি ফরিদা পারভীন
অতিরিক্ত সচিব
সভার তারিখ ০৭/১০/২০২১
সভার সময় বিকাল ৩.০০ ঘটিকা
স্থান ভার্চুয়াল
উপস্থিতি পরিশিষ্ট- ক

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ই গভর্ন্যান্স ও উদ্ভাবন সংক্রান্ত কর্মপরিকল্পনা ২০২১-২০২২ বাস্তবায়ন অগ্রগতি সভায় এ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন) ও ইনোভেশন টিমের চীফ ইনোভেশন অফিসার সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতি ইনোভেশন টিমের সদস্য সচিবকে আলোচ্য বিষয় অনুযায়ী উপস্থাপনা শুরু করার জন্য অনুরোধ জানান।

ক্রম	আলোচ্যসূচি	আলোচনা	সিদ্ধান্ত
------	------------	--------	-----------

০১।	১। ই- গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ এর প্রথম ত্রৈমাসিক এর অগ্রগতি উপস্থাপনা	<p>কার্যপত্র অনুযায়ী ইনোভেশন টিমের সদস্য সচিব মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপনা শুরু করেন। কর্মসম্পাদন সূচক ভিত্তিক আলোচনা উপস্থাপনকালে তিনি সভাকে জানান, ২০২১-২০২২ অর্থবছরের জন্য নতুন উদ্ভাবনী আইডিয়া, সেবা সহজীকরণ এবং ডিজিটাইজেশনের প্রস্তাব আহবান করা হয়েছে। আইডিয়া সমূহ পাওয়া গেলে তা চূড়ান্তকরণের পর বাস্তবায়ন শুরু করা হবে। ইতোমধ্যে চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে কর্মশালা আয়োজন করা হয়েছে। উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের ব্যাপারে প্রশিক্ষণ অধিশাখাকে ইউ নোট প্রদান কর হয়েছে। এছাড়াও ইনথিতে ৮০% নোট নিষ্পত্তি সংক্রান্ত রিপোর্ট প্রস্তুতকরণের কার্যক্রম চলমান রয়েছে। সকল শাখা হতে হার্ড নোট নিষ্পত্তি'র তথ্য সংগ্রহ করা হচ্ছে।</p> <p>সভার এ পর্যায়ে সভাপতি মহিলা বিষয়ক অধিদপ্তর, জাতীয় মহিলা সংস্থা, বাংলাদেশ শিশু একাডেমি এবং জয়িতা ফাউন্ডেশনের বাস্তবায়ন অগ্রগতি আলোচনা করেন। তিনি সকলকে জানান, অর্থবছরের শুরুতেই যে কোন সমস্যা, চ্যালেঞ্জ থাকলে তা মন্ত্রণালয়ের ইনোভেশন টিমকে অবহিত করার। জাতীয় মহিলা সংস্থা'র ইনোভেশন অফিসার জানান, জাতীয় মহিলা সংস্থায় এ বছর উদ্ভাবন খাতে বরাদ্দ নাই। এ বিষয়ে সভাপতি, জাতীয় মহিলা সংস্থাকে দ্রুত মন্ত্রণালয়ের বাজেট ও অডিট অধিশাখা'র সাথে আলোচনা করতে বলেন। জয়িতা ফাউন্ডেশন এবং বাংলাদেশ শিশু একাডেমিকে কর্মশালা, প্রশিক্ষণ দ্রুত আয়োজন পূর্বক বার্ষিক উদ্ভাবন কার্যক্রম শুরু করার নির্দেশনাও প্রদান করা হয়। মহিলা বিষয়ক অধিদপ্তর হতে ইনোভেশন অফিসার জানান, হেড অফিস ও মাঠ পর্যায়ের কর্মকর্তাদের নিয়ে কর্মশালা আয়োজনের প্রস্তুতি চলমান রয়েছে। এ সকল কর্মশালা হতে নতুন আইডিয়া প্রণয়ন করা হবে। সভাপতি দ্রুত আইডিয়া প্রণয়ন করে তা প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করেন।</p>	মন্ত্রণালয় এবং দপ্তর/সংস্থা'র ইনোভেশন টিম কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম গ্রহণ করবেন।
০২।	বিবিধ	<p>সভাপতি মন্ত্রণালয় এবং দপ্তর/সংস্থা'র ইনোভেশন টিমকে ইনথিতে নোট নিষ্পত্তি এবং তথ্য বাতায়ন হালনাগাদকরণের ব্যাপারে সচেষ্ট থাকার জন্য অনুরোধ জানান। মন্ত্রণালয়ের প্রোগ্রামার জনাব মোঃ ইনামুল হক জানান, ইনথিতে নোট নিষ্পত্তি ৮০% করার জন্য ত্রৈমাসিক ভিত্তিকে দপ্তর/সংস্থা হতে স্ব স্ব দপ্তর/সংস্থা'র শাখা ভিত্তিক হার্ড নথি নিষ্পত্তি'র প্রতিবেদন নির্দেশিকা অনুযায়ী প্রমানক হিসেবে প্রেরণ করতে হবে। তিনি সভাকে আরো জানান, নির্দেশিকা অনুযায়ী তথ্য বাতায়ন হালনাগাদকরণের প্রমানক হিসেবে সকল দপ্তর স্ব স্ব তথ্য বাতায়ন হালনাগাদকরণের রিপোর্ট মন্ত্রণালয়ে প্রেরণ করবে।</p>	স্ব স্ব দপ্তর/সংস্থা ই-নথি কার্যক্রম বাস্তবায়ন এবং তথ্য বাতায়ন হালনাগাদকরণে সচেষ্ট থাকবে। এ ব্যাপারে ইনোভেশন অফিসার পরবর্তী সভায় মন্ত্রণালয়কে তথ্য বাতায়ন হালনাগাদকরণের বিষয়টি নিশ্চিত করবেন।

০২। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।




ফরিদা পারভীন
অতিরিক্ত সচিব

বিতরণ (জ্যেষ্ঠতার

ক্রমানুসারে নয়) :

- ১) ব্যবস্থাপনা পরিচালক, জয়িতা ফাউন্ডেশন
- ২) মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর
- ৩) মহাপরিচালক, মহাপরিচালক এর দপ্তর, বাংলাদেশ শিশু একাডেমি
- ৪) নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা
- ৫) যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
- ৬) উপ-সচিব, বাজেট ও অডিট অধিশাখা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
- ৭) উপসচিব, প্রশাসন-১ শাখা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
- ৮) উপসচিব, পরিকল্পনা-২ শাখা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
- ৯) উপসচিব, উন্নয়ন-২ শাখা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়



মোঃ ইনামুল হক
প্রোগ্রামার